

Times Today BD

আন্তর্জাতিক | 19 May, 2025

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বন্ধে তৎপর হয়ে উঠেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে সরাসরি বৈঠকেও বসতে চান তিনি এবং সেটি যেন “যত দ্রুত সম্ভব” হয়—এমনটাই জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও।

রোববার (১৮ মে) রাতে এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তাসংস্থা আনাদোলু।

মার্কিন সংবাদমাধ্যম সিবিএস নিউজের ফেস দ্য নেশন শো-তে রোববার প্রচারিত এক সাক্ষাৎকারে রুবিও বলেন, “প্রেসিডেন্ট চান এই বৈঠকটা হোক, যত দ্রুত সম্ভব। এই যুদ্ধের জট খুলতে হলে—সম্ভবত এটাই একমাত্র উপায়—ট্রাম্প এবং পুতিনের সরাসরি আলোচনা দরকার।”

তিনি জানান, ওয়াশিংটন থেকে পুতিনকে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে, তবে এখনো তারিখ ও ভেন্যু ঠিক হয়নি। রুবিও বলেন, “এই ধরনের বৈঠক আয়োজনের জন্য কিছু সময় ও প্রস্তুতি প্রয়োজন।”

বিবিসি বলছে, এই ঘোষণার পেছনে রয়েছে গত শুক্রবার ইস্তাম্বুলে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে অনুষ্ঠিত শান্তি আলোচনা এবং ভ্যাটিকানের পক্ষ থেকে দেওয়া মধ্যস্থতার প্রস্তাব। রুবিও জানান, মস্কো শর্তসাপেক্ষে এই প্রস্তাব বিবেচনায় রাখতে আগ্রহ দেখিয়েছে।

রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভের সঙ্গে সাম্প্রতিক আলোচনার প্রসঙ্গ টেনে রুবিও বলেন, “ইস্তাম্বুলের বৈঠক সময়ের অপচয় ছিল না”। তিনি জানান, এই আলোচনায় দুটি

গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে—উভয় পক্ষের মধ্যে ১০০০ বন্দি বিনিময়ের চুক্তি এবং রাশিয়ার পক্ষ থেকে যুদ্ধবিরতির প্রস্তাবনা প্রস্তুত।

তবে তিনি সতর্কও করেছেন—“যদি কেবল আলোচনা চলতেই থাকে, কিন্তু বাস্তবসম্মত কোনও প্রস্তাব না আসে, তাহলে যুক্তরাষ্ট্র অন্য কোনও চিন্তা করতে পারে।”

সাক্ষাৎকারে ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়েও রুবিও স্পষ্ট বার্তা দেন। তিনি বলেন, “ইরান কখনোই পারমাণবিক অস্ত্র পাবে না।”

তিনি জানান, ইউরেনিয়াম সমৃদ্ধ করার যেকোনও সক্ষমতা দ্রুতই অস্ত্র তৈরির উপকরণে রূপ নিতে পারে। তবে প্রেসিডেন্ট ট্রাম্প চান সমস্যাটির শান্তিপূর্ণ সমাধান হোক। তার ভাষায়, “প্রেসিডেন্ট চান, ইরান একটি সমৃদ্ধ, শান্তিপূর্ণ দেশ হয়ে উঠুক—যেখানে মানুষের ভবিষ্যৎ ভালো হবে।”

ইউক্রেন রাশিয়াইউক্রেন সংকট রাশিয়া যুক্তরাষ্ট্র ডোনাল্ড ট্রাম্প পুতিন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:42

URL: <https://www.timestodaybd.com/international/2687775807>